# প্রকৃতি ও প্রত্যয় ১১

**সংজ্ঞা ঃ** যে বর্ণ বা বর্ণসমষ্টি ধাতু বা শব্দের পরে যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে সেসব বর্ণ বা বর্ণসমষ্টিকে প্রত্যয় বলে। যেমন ঃ √ চল্ + আ = চলা। এখানে √চল্ ধাতুর সঙ্গে আ প্রত্যয় যুক্ত হয়ে 'চলা' শব্দটি গঠিত হয়েছে। আবার লাজ + উক = লাজুক। এখানে 'লাজ' শব্দের সঙ্গে উক প্রত্যয় যুক্ত হয়ে 'লাজুক' শব্দটি গঠিত হয়েছে। এভাবে লক্ষ্য করা যায় যে, কখনও ধাতু আবার কখনও শব্দের শেষে প্রত্যয় যোগ হয় এবং নতুন শব্দ গঠন করে।

প্রত্যয় নতুন শব্দ তৈরি করার একটি পদ্ধতি। প্রত্যয়ের সহায়তায় যেসব শব্দ গঠিত হয় তার উৎস দু ধরনের। একটি ধাতু, অপরটি শব্দ। কখনও ধাতুর সঙ্গে কখনও শব্দের সঙ্গে প্রত্যয় যোগ করে যেসব শব্দ গঠন করা হয় সেসব শব্দ বিশ্লেষণ করলে মূল উৎস হিসেবে কখনও ধাতু আবার কখনও শব্দ পাওয়া যায়। শব্দের এই মূল রূপের নাম হল প্রকৃতি। অর্থাৎ ধাতু বা শব্দ যার সঙ্গেই প্রত্যয় যুক্ত হয় তাকে বলে প্রকৃতি। যেমন ঃ √ গম্ + অন = গমন—এখানে 'গম্' প্রকৃতি। এক + তা = একতা—এখানে 'এক' প্রকৃতি। প্রকৃতি দুধরনের হয়। ১. নাম প্রকৃতি বা প্রতিপাদিক এবং ২. ক্রিয়া প্রকৃতি। যে প্রকৃতি দিয়ে কোন কিছুর নাম বোঝায় তাকে বলে নাম প্রকৃতি বা প্রতিপাদিক। যেমন ঃ পানি, ফুল, গাড়ি ইত্যাদি। যেসব প্রকৃতির সাহায্যে কোন কাজ বোঝায় তাকে বলে ক্রিয়া প্রকৃতি। যেমন ঃ দেখ্, পড়্, হস্ ইত্যাদি।

### প্রত্যয়ের শ্রেণীবিভাগ

প্রত্যয় দুই প্রকার।

১. কৃৎ প্রত্যয় এবং ২. তদ্ধিত প্রত্যয়।

**কৃৎ প্রত্যয় ঃ** ধাতুর পরে যেসব প্রত্যয় যুক্ত হয় সেগুলোকে কৃৎ প্রত্যয় বলে। যেমন ঃ চল্ + অন = চলন। এখানে 'অন' কৃৎ প্রত্যয়। বাঁচ্ + আ = বাঁচা, পড়্ + আ = পড়া, ধো + আ = ধোয়া ইত্যাদি ক্ষেত্রে যেসব প্রত্যয় যুক্ত হয়েছে তার নাম কৃৎ প্রত্যয়। কৃৎ প্রত্যয় ধাতুর সঙ্গে যুক্ত হয়। ধাতু বোঝানোর জন্য প্রকৃতির পূর্বে ধাতুর চিহ্ন (√) ব্যবহৃত হয়। যেমন ঃ √ গম্ + অন = গমন, √ ধর্ + অন = ধরন ইত্যাদি।

**তদ্ধিত প্রত্যয় ঃ** শব্দের পরে যেসব প্রত্যয় যুক্ত হয় সেগুলোকে তদ্ধিত প্রত্যয় বলে। যেমন ঃ বর্ষ + ইক = বার্ষিক। এখানে বর্ষ শব্দের সঙ্গে ইক প্রত্যয় যুক্ত হয়েছে। এখানকার প্রত্যয়কে তদ্ধিত প্রত্যয় বলা হয়। কৃৎ ও তদ্ধিত প্রত্যয় নির্ণয়ের বেলায় ধাতু ও শব্দের স্বতন্ত্র পরিচয় সম্পর্কে সচেতন থাকতে হবে।

কৃৎ প্রত্যয়যোগে যেসব শব্দ গঠিত হয় সেগুলোকে বলে কৃদন্ত শব্দ। যেমন ঃ পড়্ + আ = পড়া। এখানে 'পড়া' শব্দটি কৃদন্ত শব্দ। কাঁদ্ + অন = কাঁদন। এখানে 'কাঁদন' কৃদন্ত শব্দ। রান্না, চলা, খেলা এসব কৃদন্ত শব্দ।

তদ্ধিত প্রত্যয় যোগে যেসব শব্দ গঠিত হয় সেগুলোকে তদ্ধিতান্ত শব্দ বলে। যেমন ঃ নগর + ইক = নাগরিক। এখানে 'নাগরিক' তদ্ধিতান্ত শব্দ। লৌকিক, সাহিত্যিক, মানব—এসব তদ্ধিতান্ত শব্দ।

বাংলা ভাষায় স্ত্রীবাচক শব্দ বোঝানোর জন্য পুংলিঙ্গ শব্দের শেষে এক ধরনের প্রত্যয় যুক্ত হয়ে তার স্ত্রীলিঙ্গ রূপ গঠিত হয়। এগুলোকে বলে স্ত্রী প্রত্যয়। যেমন ঃ মাতামহ + ঈ = মাতামহী। এখানকার 'ঈ' স্ত্রী প্রত্যয়। একে তদ্ধিত প্রত্যয় বলা

ঠিক নয়। মনে রাখতে হবে প্রত্যয় শব্দ গঠনের অন্যতম পদ্ধতি। প্রত্যয় ছাড়াও আরও শব্দ গঠনের পদ্ধতি রয়েছে। তাই সব শব্দ যে প্রত্যয়ের আওতায় আসবে এমন মনে করার কোন কারণ নেই।

বাংলা সাধু ভাষারীতিতে বাংলা ধাতু বা নাম শব্দে প্রত্যয় ও বিভক্তি যুক্ত হলে সাধারণত ধাতুর বা নাম শব্দের কোন পরিবর্তন হয় না। কিন্তু চলতি ভাষায় প্রত্যয়-বিভক্তি যোগে গঠিত শব্দে স্বরসংগতি, অপিনিহিতি, অভিশ্রুতি ইত্যাদি কারণে উচ্চারণের বিকৃতি ঘটে। বাংলার নিজস্ব ধ্বনি পরিবর্তনের রীতির জন্য এমন হয়ে থাকে। সাধু ভাষায় শব্দের প্রাচীন ও সম্পূর্ণ রূপ বর্তমান থাকে, আর চলতি ভাষায় তা পরিবর্তিত রূপ লাভ করে।

কখনও কখনও কৃৎ প্রত্যয় যুক্ত হলে কৃৎ প্রকৃতির আদিস্বর পরিবর্তিত হয়। এ পরিবর্তনকে গুণ ও বৃদ্ধি বলা হয়।

**গুণ ঃ** ই, ঈ স্থলে এ ; উ, ঊ স্থলে ও ; এবং ঋ স্থলে অর্ হয়। যেমন ঃ

√ চিন + আ = চেনা (ই স্থলে এ) √ ধু + আ = ধোয়া (উ স্থলে ও)

√ নী + আ = নেওয়া (ঈ স্থলে এ) √ কৃ + তা = করতা > কর্তা (ঋ স্থলে অর)

**বৃদ্ধি ঃ** অ স্থলে আ, ই ঈ স্থলে ঐ, উ ঊ স্থলে ঔ, ঋ স্থলে আর হয়।

যেমন ঃ পচ্ + অক = পাচক। এখানে পচ্-এর অ স্থলে আ হয়েছে। শিশু + অ = শৈশব। এখানে ই স্থলে ঐ হয়েছে।

**উপসর্গযুক্ত ধাতু ঃ** প্রত্যয়যোগে শব্দ গঠনের বেলায় কখনও কখনও ধাতুর আগে বিভিন্ন উপসর্গ যুক্ত হয়। উপসর্গযুক্ত কৃদন্ত শব্দের গঠন বোঝানোর জন্য উপসর্গ ও প্রকৃতির মাঝখানে একটি ড্যাস (—) চিহ্ন ব্যবহৃত হয়। যেমন ঃ অ—√ জান + আ= অজানা।

বাংলা ভাষায় বাংলার নিজস্ব প্রত্যয় ছাড়াও সংস্কৃত প্রত্যয়ের ব্যবহার রয়েছে। সেজন্য প্রত্যয়কে বাংলা ও সংস্কৃত এই দুই শ্রেণীতে ভাগ করা চলে। বাংলা ভাষায় ঃ ১. বাংলা কৃৎ প্রত্যয়, ২. সংস্কৃত কৃৎ প্রত্যয়, ৩. বাংলা তদ্ধিত প্রত্যয় ও ৪. সংস্কৃত তদ্ধিত প্রত্যয়—এই চার রকমের প্রত্যয় আছে।

বাংলা ভাষায় কিছু বিদেশী প্রত্যয়ও ব্যবহৃত হয়।

সংস্কৃত প্রত্যয়ের বেলায় প্রত্যয়ের বর্ণগুলো কিছু অংশ লোপ পায়। এই লোপ পাওয়া বর্ণকে ইৎ বলে। যেমন ঃ

পঠ্ + ণক = পঠ্ + অক = পাঠক — এখানে ণক প্রত্যয়ের ণ ইৎ।

### প্রত্যয় নির্ণয়

প্রকৃতি প্রত্যয় নির্ণয় করার সময় কোনটি প্রকৃতি, আর কোনটি প্রত্যয় তা দেখাতে হয়। কৃৎ প্রত্যয়ের বেলায় ধাতুর পূর্বে ধাতুচিহ্ন (√) ব্যবহার করতে হয় এবং ধাতুর সঙ্গে যোগ (+) চিহ্ন দিয়ে প্রত্যয় দেখাতে হয়। লিখতে গেলে নিম্নরূপ লেখাই সহজ।

| প্রকৃতি + প্রত্যয় = শব্দ | প্রত্যয়ের নাম |
|---|---|
| √ গম্ + অন = গমন | কৃৎ প্রত্যয় |
| ঢাকা + আই = ঢাকাই | তদ্ধিত প্রত্যয় |
| √ পড়্ + আ = পড়া | কৃৎ প্রত্যয় |
| দিন + ইক = দৈনিক | তদ্ধিত প্রত্যয় |

**কৃৎ প্রত্যয় ঃ** কৃৎ প্রত্যয় দিয়ে গঠিত শব্দের বেলায় বাংলায় নিজস্ব কিছু কৃৎ প্রত্যয় রয়েছে আবার কিছু সংস্কৃত কৃৎ প্রত্যয়ও বাংলা শব্দ গঠনে কাজ করে। এ ধরনের বাংলা ও সংস্কৃত কৃৎ প্রত্যয় এবং তাদের দিয়ে গঠিত কিছু শব্দের উদাহরণ এই পর্যায়ে দেওয়া হল।

# বাংলা কৃৎ প্রত্যয়

**১. অ ঃ** এটি লুপ্ত প্রত্যয়। ধাতুর পরে এই প্রত্যয় যোগে ক্রিয়াবাচক বিশেষ্য পদ গঠিত হয়। 'অ' প্রত্যয়ের উচ্চারণ এখন নেই। যেমন ঃ চল ধাতু + অ প্রত্যয় = ক্রিয়াবাচক বিশেষ্য চল। (আজকাল এ জিনিসের চল নেই—এখানে ধাতুটিই বিশেষ্যপদ রূপে ব্যবহৃত হয়েছে।)।

√ ঝুল্ + অ = ঝুল্
√ চির + অ = চির
√ টিপ্ + অ = টিপ্
√ সাজ্ + অ = সাজ্
√ চাপ্ + অ = চাপ
√ বাড়্ + অ = বাড়্
√ ডাক্ + অ = ডাক্।
√ দুল্ + অ = দুল্
√ ছুট্ + অ = ছুট্
√ মিল্ + অ = মিল্
√ খেল্ + অ = খেল্
√ পাক্ + অ = পাক্
√ বাঁধ্ + অ = বাঁধ

এই অ-প্রত্যয় যোগে শব্দে কখনও ধাতুর উ-স্বরের পরিবর্তন ঘটায়। যেমন ঃ

√ খুঁজ্ + অ = খোঁজ্
√ ফুঁড়্ + অ = ফোঁড়্
√ কুল্ + অ = কোল্
√ ঘির্ + অ = ঘের্
√ ঝুঁক্ + অ = ঝোঁক্
√ দুল্ + অ = দোল্

**২. অ (=ও), উ ঃ** একাক্ষর ধাতুর সাথে প্রয়োগ হয় এবং দ্বিত্ব রূপ নেয়। যেমন ঃ

√ কাঁদ + অ (ও) = কাঁদ কাঁদ, কাঁদো কাঁদো
উড়্ + উ = উড়ু উড়ু, উড়ো উড়ো
√ মর্ + অ (ও) = মর মর, মরো মরো
ডুব্ + অ (ও) = ডুবু ডুবু, ডুবো ডুবো
নিব + উ = নিবু নিব, নিবো নিবো
হ + অ = হ অ—হব, হব হব
ভুল্ + ও = ভুলো
হ + ঔ = হউ > হবু।

**৩. অত, প্রসারে অতা (-তা), অতি (তি) ঃ** একাক্ষর ধাতুর পরে বসে।

যেমন ঃ

√ ফির্ + অত = ফিরত, ফেরত, ফেরতা, ফিরতি।
√ চল্ + অতি = চলতি
√ পড়্ + তি = পড়তি
√ বাড়্ + তি = বাড়তি
√ বস্ + তি = বসতি
√ পড়্ + তা = পড়তা
√ কম্ + তি = কমতি
√ উঠ্ + তি = উঠতি
√ বহ + তা = বহতা
√ মান + অত = মানত
√ গণ্ + তি = গণতি
√ কাট্ + তি = কাটতি

**৪. অন ঃ** বিকারে স্বরবর্ণের পরে 'ওন'। একাক্ষর ধাতুর পরে যোগ হলে ক্রিয়াবাচক বিশেষ্য পদ গঠন করে।

যেমন ঃ

√ নাচ্ + অন = নাচন
√ বাঁধ + অন = বাঁধন
√ কাঁদ + অন = কাঁদন
√ চল্ + অন = চলন

√ গড় + অন = গড়ন
√ বাড়্ + অন = বাড়ন
√ ফল্ + অন = ফলন
√ দেখ্ + অন = দেখন
√ হ + অন = হঅন > হওন
√ শুন্ + অন = শুনন
√ ঝুল্ + অন = ঝুলন
√ খা + অন = খাওন
√ গা + অন = গাওন
√ ঝাড় + অন = ঝাড়ন
√ ফুড়্ + অন = ফুড়ন
√ মাজ + অন = মাজন

**৫. অনা (ওনা, না) ঃ** একাক্ষর ধাতুর পরে যুক্ত হয়। যেমন ঃ

√ কান্দ (কাঁদ) + অনা (না)= কান্দনা, কাঁদনা, কান্না।
√ দে + অনা = দেনা
√ পা + অনা = পাঅনা > পাওনা
√ রাঁধ + না = রান্না
√ কর্ + না = করনা > কন্না
√ ধর্ + না = ধরনা > ধন্না
√ কুট্ + না = কুটনা
√ খেল্ + না = খেলনা
√ বাট্ + না = বাটনা
√ বাজ্ + না = বাজনা
√ ঢাক্ + না = ঢাকনা

**৬. অনি ঃ** উনি, নি। যেমন ঃ

√ কাঁদ + অনি = কাঁদনি, কাঁদুনি
√ চাহ্ + অনি = চাহনি
√ বাঁধ + অনি = বাঁধনি
√ কাঁপ্ + অনি = কাঁপনি, কাঁপুনি
√ নাচ্ + অনি = নাচনি, নাচুনি
√ রাঁধ্ + উনি = রাঁধুনি
√ ঢাক + উনি = ঢাকুনি
√ ঢাক্ + অনি = ঢাকনি
√ চাল্ + উনি = চালুনি
√ ছাঁক + উনি = ছাঁকুনি
√ ছা + উনি = ছাউনি
√ চাট্ + নি = চাটনি।

**৭. আ (ওয়া) ঃ** একাক্ষর ধাতুর পরে যুক্ত হয়ে ক্রিয়াবাচক বিশেষ্য ও ক্রিয়াবাচক বিশেষণ শব্দ গঠিত হয়। যেমন ঃ

√ চল্ + আ= চলা
√ পা + আ = পাআ > পাওয়া
√ চাহ্ + আ = চাহআ > চাওয়া
√ উঠ্ + আ = উঠা, ওঠা
√ ফুট্ + আ = ফুটা, ফোটা
√ ছাড়্ + আ = ছাড়া
√ দেখ্ + আ = দেখা
√ শুন্ + আ= শোনা
√ মর্ + আ = মরা
√ আঁক্ + আ = আঁকা
√ পড়্ + আ = পড়া
√ চষ্ + আ = চষা
√ তুল্ + আ = তুলা, তোলা

**৮. আই ঃ** ক্রিয়াবাচক বিশেষ্য পদ গঠন করে। যেমন ঃ

√ যাচ্ + আই = যাচাই
√ ঢাল্ + আই = ঢালাই
√ বাছ্ + আই = বাছাই
√ ঝাল্ + আই = ঝালাই
√ বাঁধ্ + আই = বাঁধাই
√ খুদ্ + আই = খুদাই > খোদাই
√ কাত্ + আই = কাতাই
√ লড়্ + আই = লড়াই
√ চড়্ + আই = চড়াই
√ ধোল্ + আই = ধোলাই

৯. **আইত—** (চলতি রীতিতে আত) ঃ যেমন—

√ ডাক্ + আইত = ডাকাইত, ডাকাত
√ সেব্ + আইত = সেবাইত

১০. **আও** ঃ যেমন ঃ

√ চড় + আও = চড়াও
√ ছাড় + আও = ছাড়াও
√ ঘির + আও = ঘিরাও > ঘেরাও
√ ঢাল্ + আও = ঢালাও
√ পাকড় + আও = পাকড়াও
√ ফল + আও = ফলাও

১১. **আন্, আন , আনো** ঃ ক্রিয়াবাচক বিশেষ্যপদ গঠন করে। যেমন ঃ

√ জানা + আন্ = জানান
√ জানা + আনো = জানানো
√ চালা + আন্ = চালান
√ চালা + আনো = চালানো
√ শুনা + আনো = শোনানো
√ যোগা + আন = যোগান
√ ঠকা + আন = ঠকান
√ ঠকা + আনো = ঠকানো
√ হাতা + আনো = হাতানো

১২. **আনি (বিকারে উনি)** ঃ যেমন ঃ

√ শুনা + আনি = শুনানি
√ নিড়া + আনি = নিড়ানি
√ পারা + আনি = পারানি
√ বিনা + আনি = বিনানি
√ বিনা + উনি = বিনুনি
√ জ্বালা + আনি = জ্বালানি
√ হাঁফা + আনি = হাঁফানি
√ ধমকা + আনি = ধমকানি
√ শাসা + আনি = শাসানি
√ উড়া + আনি = উড়ানি
√ ঝলসা + আনি = ঝলসানি
√ খিঁচ + উনি = খিঁচুনি।

১৩. **আরি, উরি** ঃ যেমন ঃ

√ ডুব্ + আরি = ডুবারি
√ ডুব + উরি = ডুবুরি
√ ধুন্ + আরি = ধুনারি
√ ধুন্ + উরি = ধুনুরি
√ কাট্ + আরি = কাটারি।

১৪. **ই** ঃ ভাববাচক বা বস্তুবাচক বিশেষ্য গঠিত হয়। যেমন ঃ

√ বুল্ + ই = বুলি
√ চুর্ + ই= চুরি
√ কাশ্ + ই = কাশি
√ হাস্ + ই = হাসি
√ ভাজ্ + ই = ভাজি
√ ফির্ + ই = ফিরি, ফেরি
√ বেড়্ + ই = বেড়ি।

১৫. **অন্ত** ঃ যেমন ঃ

√ ফুট্ + অন্ত = ফুটন্ত
√ পড়্ + অন্ত = পড়ন্ত
√ জ্বল্ + অন্ত = জ্বলন্ত
√ ফল্ + অন্ত = ফলন্ত
√ ডুব্ + অন্ত = ডুবন্ত
√ বাড়্ + অন্ত = বাড়ন্ত

**১৬. ইয়ে** ঃ যেমন ঃ

√ খা + ইয়ে = খাইয়ে
√ বল্ + ইয়ে = বলিয়ে
√ নাচ্ + ইয়ে = নাচিয়ে
√ লিখ্ + ইয়ে = লিখিয়ে
√ জান্ + ইয়ে = জানিয়ে
√ বাজ্ + ইয়ে = বাজিয়ে

**১৭. উক** (প্রসারে উকা) ঃ স্বভাব নির্দেশক। যেমন ঃ

√ মিশ্ + উক = মিশুক
√ খা + উকা = খাউকা > খেকো

**১৮. অক (প্রসারে কা-কি)** ঃ এই প্রত্যয়যোগে বিশেষ্য পদ গঠিত হয়। যেমন ঃ

√ মুড্ + অক = মুড়ক > মোড়ক
√ ঝল্ + অক = ঝলক
√ হেঁচ্ + কা = হেঁচকা
√ চড়্ + অক = চড়ক
√ ফাট্ + অক = ফাটক
√ হেঁচ্ + কি = হেঁচকি

## সংস্কৃত কৃৎ প্রত্যয়

বাংলা ভাষায় বহু সংস্কৃত কৃদন্ত শব্দ ব্যবহৃত হয়। প্রধান প্রধান সংস্কৃত কৃৎ প্রত্যয়ের তালিকা এবং তাদের দ্বারা গঠিত শব্দের কিছু উদাহরণ দেওয়া হল।

**১. শূন্য প্রত্যয়** ঃ সংস্কৃত 'ক্বিপ্' প্রত্যয় যোগে সাধিত বিশেষ্য শব্দ বাংলায় ব্যবহৃত হয়। ধাতুর সঙ্গে যুক্ত হলে এই ক্বিপ প্রত্যয়ের সবটাই 'ইৎ' হয় অর্থাৎ লোপ পায়। ধাতুর সঙ্গে কোন কিছুই যুক্ত হয় না এবং প্রত্যয়টি অদৃশ্য থাকে। এরূপ প্রত্যয়ই শূন্য প্রত্যয়। যেমন ঃ 'চিৎ' ধাতু + ক্বিপ ( = ০) প্রত্যয় = 'চিৎ' শব্দ (অর্থ জ্ঞান)।

ভাষা √ বিদ্ + ০ = ভাষাবিদ
ধর্ম √ বিদ্ + ০ = ধর্মবিদ
সভা √ সদ্ + ০ = সভাসদ
পরি √ সদ্ + ০ = পরিষদ
আ √ পদ্ + ০ = আপদ
প্রতি √ ভূ + ০ = প্রতিভূ
বীর- প্র √ সূ + ০ = বীরপ্রসূ
ইন্দ্র √ জি + ০ = ইন্দ্রজিৎ
শাস্ত্র √ কৃ + ০ = শাস্ত্রকৃৎ
শাস্ত্র √ বিদ্ + ০ = শাস্ত্রবিদ
উদ √ ভিদ্ + ০ = উদ্ভিদ
সম √ সদ্ + ০ = সংসদ
বি √ পদ্ + ০ = বিপদ
সম √ পদ্ + ০ = সম্পদ
স্বয়ম √ ভূ + ০ = স্বয়ম্ভু
ফল- প্র √ সূ + ০ = ফলপ্রসূ
বিশ্ব √ জি + ০ = বিশ্বজিৎ
পথি √ কৃ + ০ = পথিকৃৎ

**২. অ** ঃ অ-প্রত্যয় যোগে গঠিত শব্দ সাধারণত স্ত্রীলিঙ্গ হয় অর্থাৎ অ-যোগের পর আ-যুক্ত হয়। যেমন ঃ

√ পিপাস্ + অ= পিপাস + আ = পিপাসা
√ জিজ্ঞাস্ + অ = জিজ্ঞাস + আ = জিজ্ঞাসা
√ শুশ্রূষ্ + অ = শুশ্রূষ + আ = শুশ্রূষা
√ জিগীষ্ + অ = জিগীষ + আ = জিগীষা
√ লিপ্স্ + অ = লিপ্স + আ = লিপ্সা
√ ভিক্ষ্ + অ = ভিক্ষ + আ = ভিক্ষা
√ দীক্ষ্ + অ = দীক্ষ + আ = দীক্ষা
√ নিন্দ্ + অ = নিন্দ + আ= নিন্দা
√ রক্ষ্ + অ = রক্ষ + আ = রক্ষা
√ শঙ্ক্ + অ = শঙ্ক + আ = শঙ্কা
√ মূর্চ্ছ্ + অ = মূর্চ্ছ + আ = মূর্চ্ছা
√ হিন্স্ + অ = হিংস + আ= হিংসা

√ সেব্ + অ = সেব + আ = সেবা
আ √ কাঙ্ক্ষ্ + অ = আকাঙ্ক্ষ + আ = আকাঙ্ক্ষা
পরি √ ঈক্ষ্ + অ = পরীক্ষ + আ = পরীক্ষা
√ চিন্ত্ + অ = চিন্ত + আ = চিন্তা
√ কথ্ + অ = কথ + আ = কথা
√ ব্যথ্ + অ + আ = ব্যথা
√ কৃপ্ + অ + আ = কৃপা
√ শুভ্ + অ + আ = শোভা
√ পীড্ + অ + আ = পীড়া
√ দয়্ + অ + আ = দয়া
√ দিব্ + অ = দেব
√ চর্ + অ = চর
√ জি + অ = জয়
বি √ জি + অ = বিজয়
√ নী + অ = নয়
বি √ নী + অ = বিনয়
√ ভূ + অ = ভব
বি √ স্তৃ + অ = বিস্তর
কুম্ভ √ কৃ + অ = কুম্ভকার
মালা √ কৃ +অ = মালাকার
সূত্র √ ধৃ + অ = সূত্রধর
প্রভা √ কৃ + অ = প্রভাকর
জল √ দা + থ = জলদ
ধর্ম √ জ্ঞা + অ = ধর্মজ্ঞ
√ সৃপ + অ = সর্প
√ ক্ষি + অ = ক্ষয়
√ ভী + অ = ভয়
√ লী + অ = লয়
√ রু + অ = রব
√ স্তু + অ = স্তব
আ √ দৃ + অ = আদর
গ্রন্থ √ কৃ + অ = গ্রন্থকার
চাটু √ কৃ +অ = চাটুকার

কর্ম √ কৃ + অ = কর্মকার
তন্তু √ বে + অ = তন্তুবায়
হিত √ কৃ + অ = হিতকর
মধু √ পা + অ = মধুপ
গৃহ √ স্থা + অ = গৃহস্থ
সু √ স্থা + অ = সুস্থ
প্রিয়ম √ বদ্ + অ = প্রিয়ংবদ
বসুন √ ধৃ + অ + আ = বসুন্ধরা
পত √ গম্ + অ = পতঙ্গ
বিহায়ন √ গম্ + অ = বিহঙ্গ
সু √ গম্ + অ = সুগম
প্র √ চ্ছদ্ + অ = প্রচ্ছদ
গো √ চর্ + অ = গোচর
√ হৃ + অ = হার
√ তপ্ + অ = তাপ
√ লভ্ + অ = লাভ
√ পক্ + অ = পাক
√ রনজ্ + অ = রাগ
জল √ জন্ + অ = জলজ
নি √ স্থা + অ = নিষ্ঠা
মৃত্যুম √ জি + অ= মৃত্যুঞ্জয়
ভূজ √ গম্ + অ = ভূজঙ্গ
দুর √ লভ্ + অ = দুর্লভ
সু √ লভ্ + অ = সুলভ
আ √ কৃ + অ = আকর
√ নিশ্ + অ = নাশ
√ বস্ + অ = বাস
√ দহ্ + অ = দাহ
√ স্পৃশ্ + অ = স্পর্শ
√ শুচ্ + অ = শোক
√ ভূ + অ = ভাব
পঙ্ক √ জম্ + অ = পঙ্কজ।

৩. **অক ঃ** ধাতুর সঙ্গে এই প্রত্যয় যুক্ত হয়ে কর্তৃবাচক শব্দ গঠিত হয়। যেমন ঃ

√ নী + অক = নায়ক
√ ধৃ + অক = ধারক
√ স্মৃ + অক = স্মারক
√ শুষ্ + অক = শোষক
√ গৈ + অক = গায়ক
√ কৃ + অক = কারক
√ পচ্ + অক = পাচক
√ পঠ্ + অক = পাঠক
√ পাল্ + অক = পালক
√ গ্রহ্ + অক = গ্রাহক
√ নিন্দ্ + অক = নিন্দক
√ নৃৎ + অক = নর্তক
√ সেব্ + অক = সেবক
√ হিনস্ + অক = হিংসক
√ খাদ্ + অক = খাদক
√ রনজ্ + অক = রজক

৪. **অন ঃ** এতে ভাববাচক বিশেষ্য শব্দ গঠিত হয়। যেমন ঃ

√ অর্চি + অন = অর্চন + আ = অর্চনা
√ গণি + অন = গণন + আ = গণনা
√ কল্পি + অন = কল্পন + আ = কল্পনা
√ ঘটি + অন = ঘটন + আ = ঘটনা
√ ধারি + অন = ধারণ + আ = ধারণা
√ বন্দ্ + অন = বন্দন + আ = বন্দনা
√ বিদ্ + অন = বেদন + আ= বেদনা
√ গ্রন্থ + অন = গ্রন্থন + আ = গ্রন্থনা
√ গম্ + অন = গমন
√ কৃষ + অন = কর্ষণ
√ ভক্ষ + অন = ভক্ষণ
√ মৃ + অন = মরণ
√ শ্রু + অন = শ্রবণ
√ ভুজ + অন = ভোজন
√ পত্ + অন = পতন
√ গর্জ্ + অন = গর্জন
√ স্মৃ + অন = স্মরণ
√ হৃ + অন = হরণ
√ নী + অন = নয়ন
√ শী + অন = শয়ন
√ চর্ + অন = চরণ
√ ভূ + অন = ভবন

৫. **অনীয় ঃ** যোগ্য বা কর্তব্য অর্থে ব্যবহৃত হয়। যেমন ঃ

√ পা + অনীয় = পানীয়
√ শুচ্ + অনীয় = শোচনীয়
√ পাল্ + অনীয় = পালনীয়
√ কৃ + অনীয় = করণীয়
√ দৃশ্ + অনীয় = দর্শনীয়

৬. **আন, ঈন, মান ঃ** সংস্কৃত 'শানচ' প্রত্যয়ের প্রয়োগকালে কোন কোন স্থলে 'মান', আবার কোথাও কোথাও 'ঈন' বা 'আন' ব্যবহৃত হয়।

√ আস্ + ঈন = আসীন
√ বৃৎ + মান = বর্তমান
√ দৃশ + মান = দৃশ্যমান
√ ভাস্ + মনা = ভাসমান
√ মৃ + মান = ম্রিয়মান
√ সৃজ্ + মান = সৃজ্যমান।

৭. **ইন ঃ** ধাতুর পরে এই প্রত্যয়যোগে কর্তৃবাচক শব্দ গঠিত হয়। যেমন ঃ

√ জি+ ইন = জয়িন (জয়ী)
√ মন্ত্র + ইন = মন্ত্রী
√ রনজ্ + ইন = রোগী
সহ √ গম + ইন = সহগামী
√ ভজ + ইন = ভাগী
√ স্থা + ইন = স্থায়ী
√ যুজ + ইন = যোগী
√ ত্যাজ + ইন = ত্যাগী
আ √ গম্ + ইন = আগামী
√ বদ্ + ইন = বাদী

৮. **ইষ্ণু ঃ** এই প্রত্যয় বিশেষণ জাতীয় শব্দ গঠন করে। যেমন ঃ

√ সহ + ইষ্ণু = সহিষ্ণু
√ বৃধ্ + ইষ্ণু = বর্ধিষ্ণু
√ চল্ + ইষ্ণু = চলিষ্ণু

৯. **উ ঃ** যেমন ঃ

√ পিপাস্ + উ = পিপাসু
√ লিপ্স + উ = লিপ্সু
√ জিজ্ঞাস + উ = জিজ্ঞাসু
√ বুভুক্ষ + উ = বুভুক্ষু

১০. **ত, ইত, ন ঃ** অতীত কালের ক্রিয়াবাচক বিশেষণ শব্দ গঠিত হয়। যেমন ঃ

√ কৃ + ত = কৃত
√ ক্ষুদ্ + ন = ক্ষুণ্ন
√ স্না + ত = স্নাত
√ খ্যা + ত = খ্যাত
√ ভী + ত = ভীত
√ ধৃ + ত = ধৃত
√ ক্রী + ত = ক্রীত
√ ভূ + ত = ভূত
√ রুষ + ত = রুষ্ট
√ ত্যজ + ত = ত্যক্ত
√ গম্ + ত = গত
√ তৃপ্ + ত = তৃপ্ত
√ জম্ + ত = জাত
√ হন্ + ত = হত
√ রনজ + জত = রক্ত
√ রম্ + ত = রত
√ রক্ষ + ইত = রক্ষিত
√ নম্ + ত = নত
√ নিন্দ্ + ইত = নিন্দিত
√ লিখ্ + ইত = লিখিত
√ বঞ্চ্ + ইত = বঞ্চিত
√ ক্ষুধ্ + ইত = ক্ষুধিত
√ লী + ন = লীন
√ গ্রন্থ্ + ইত = গ্রন্থিত
√ পূর্ + ন = পূর্ণ
√ ক্ষি + ণ্ = ক্ষীণ

১১. **তব্য ঃ** আবশ্যক বা করা উচিত অর্থে। যেমন ঃ

√ কৃত + তব্য = কর্তব্য
√ দা + তব্য = দাতব্য
√ মন্ + তব্য = মন্তব্য
√ দৃশ্ + তব্য = দ্রষ্টব্য
√ ধৃ + তব্য = ধর্তব্য
√ স্মৃ + তব্য = স্মর্তব্য
√ গম্ + তব্য = গন্তব্য
√ পঠ্ + তব্য = পঠিতব্য
√ বচ্ + তব্য= বক্তব্য

১২. **তি, নি ঃ** ভাববাচক বিশেষ্যপদ গঠিত হয়। যেমন ঃ

√ কৃ + তি = কৃতি
√ শক্ + তি =শক্তি
√ ভী + তি = ভীতি
√ দীপ্ + তি = দীপ্তি
√ শাস্ + তি = শাস্তি
√ তৃপ + তি = তৃপ্তি
√ বচ্ + তি = উক্তি
√ মুচ্ + তি = মুক্তি
√ ভজ + তি = ভক্তি
√ বুধ + তি = বুদ্ধি
√ কৃষ্ + তি = কৃষ্টি
√ দৃশ্ + তি = দৃষ্টি
√ গ্লা + নি = গ্লানি
√ হা + নি = হানি

১৩. তৃ ঃ 'যে করে' এই অর্থে এ প্রত্যয় ব্যবহৃত হয়। এই 'তৃ' পুংলিঙ্গে প্রথমার একবচনে হয় 'তা' এবং স্ত্রীলিঙ্গের হয় 'ত্রী'। যেমন ঃ

√ পা + তৃ = পিতা
√ নী + তৃ = নেতা
√ জি + তৃ = জেতা
√ শ্রু + তৃ = শ্রোতা
√ গ্রহ + তৃ = গ্রহীতা

১৪. য ঃ যেমন ঃ

√ লভ + য = লভ্য
√ রম্ + য = রম্য
√ সহ্ + য = সহ্য
√ গম্ + য =গম্য
√ পা + য =পেয়
√ দা + য = দেয়
√ কৃ + য = কার্য
√ ত্যজ্ + য = ত্যাজ্য

## বাংলা তদ্ধিৎ প্রত্যয়

১. **'অ' বা 'ও' যেমন ঃ** কাল + অ = কাল, কাল + ও = কালো

২. **অট (ট), অটা** (টা), **অটি** (টি), **অটী** (টী), **অটিয়া** (টিয়া, টে) ঃ স্বার্থে বা সাদৃশ্যে, ভাবার্থে বা শীলার্থে, বিশেষ্য বা বিশেষণ দ্যোতক। যেমন ঃ

দাপ + অট = দাপট
সাপ + অটা = সাপটা
ঝাপ + অট = ঝাপট
ঝাপ + টা = ঝাপটা
ভরা + ট = ভরাট
চাপ + টা = চাপটা > চেপ্টা
শুখা + টি = শুকটি > শুটকি
নেহ + টা = নেহটা > নেওটা
ধোঁয়া + অটিয়া = ধোঁয়াটিয়া > ধোঁয়াটে
ঘোলা + টিয়া = ঘোলাটিয়া > ঘোলাটে
তামা + টে = তামাটে,
ভাড়া + টে = ভাড়াটে
এক + টা = একটা
দুই + টা = দুইটা > দুটা > দুটো

৩. **আ ঃ** স্বার্থে, নিন্দায় বা বৈশিষ্ট্য প্রকাশে ব্যবহৃত হয়। যেমন ঃ

ঘোড় + আ = ঘোড়া
কাঁচ + আ = কাঁচা
গল + আ = গলা
চোর + আ = চোরা
পাগল + আ = পাগলা
বাদল + আ = বাদলা
হাত + আ = হাতা
বাঘ + আ = বাঘা
পাত + আ = পাতা
এক + আ = একা
চাল + আ= চালা
গোল + আ = গোলা
তেল + আ = তেলা
মিঠ + আ = মিঠা
লোন + আ = লোনা
নুন + আ = নোনা
বাঙ্গাল + আ = বাঙ্গালা
রোগ + আ = রোগা

৪. **আই ঃ** ভাবার্থে বা সম্বন্ধে বা বিশেষার্থে ব্যবহৃত হয়। যেমন ঃ

ভাল + আই = ভালাই
বড় + আই = বড়াই
চোর + আই = চোরাই
মিঠা + আই = মিঠাই।

৫. **আউয়া (ওয়া), উয়া (ও) ঃ** বিশেষণার্থে, সম্বন্ধে, সংযোগ জানাতে ব্যবহৃত হয়। যেমন ঃ

ঘর + আউয়া = ঘরাউয়া > ঘরোয়া
জাল + উয়া = জলুয়া > জলো
খা + উয়া = খাউয়া > খেয়ো
মাঠ + উয়া = মাঠুয়া > মেঠো
গাঁ + উয়া = গাঁউয়া > গেঁয়ো
ভাত + উয়া = ভাতুয়া > ভেতো
টাক + উয়া = টাকুয়া > টেকো
মাছ + উয়া = মাছুয়া > মেছো

৬. **আম (ম), আমো (মো) প্রসারে, আমি (মি) ঃ** ভাব, কর্ম বা অনুকরণ অর্থে ব্যবহৃত হয়। যেমন ঃ

ঠক + আম = ঠকাম
ঠক + আমো = ঠকামো
ছেলে + মি = ছেলেমি
ঠক + আমি = ঠকামি
পাকা + মি = পাকামি
বড়া + মি = বড়ামি
বোকা + মি = বোকামি।

৭. **আর, আরি, ইরি, উরি ঃ** ব্যবসা, বৃত্তি বা পেশা অর্থে ব্যবহৃত হয়। যেমন ঃ

চাম + আর = চামার
কাঁশা + আরি = কাঁশারি
শাঁখা + আরি = শাঁখারি
দিশা + আরী (দিশারী)
ভিখ + আরি = ভিখারি
মাঝ + আর = মাঝার
ঝি + আরি = ঝিয়ারি
ভাঁড় + আর = ভাঁড়ার

৮. **আল্, আলো ঃ** গুণ, শীল, সম্বন্ধ বা সংযোগ বোঝাতে ব্যবহৃত হয়। যেমন ঃ

বঙ্গ + আল = বঙ্গাল > বাঙাল
ধার + আল = ধারাল
দুধ + আল = দুধাল
তেজ + আল = তেজাল
ঝাঁজ + আল = ঝাঁজাল
জমক + আলো = জমকালো
দাঁত + আল = দাঁতাল
দাঁত + আলো = দাঁতালো
কবি + আল = কবিয়াল
আড় + আল = আড়াল
লাঠি + আল = লাঠিয়াল
কুঠি + আল = কুঠিয়াল

৯. **ওয়াল, ওয়ালা, ওয়ালী, ওলা, উলী ঃ** যেমন ঃ

বাড়ি + ওয়ালা = বাড়িওয়ালা
বাড়ি + ওয়ালী = বাড়িওয়ালী
মুড়ি + ওয়ালা = মুড়িওয়ালা
গাড়ি + ওয়ালা = গাড়িওয়ালা

১০. **আলি (সংক্ষেপে লি) ঃ** ভাবার্থে, সম্বন্ধে বা সাদৃশ্যার্থে ব্যবহৃত হয়। যেমন ঃ

মিতা + আলি = মিতালি
ঘটক + আলি = ঘটকালি
রূপা + আলি = রূপালি
সোনা + আলি = সোনালি
গোড়া + আলি = গোড়ালি
পাটা + আলি = পাটালি
মেয়ে + লি = মেয়েলি

**১১. ঈ (ই) ঃ** সম্বন্ধ, সংযোগ, শীল, জাতি, ব্যবসায়, হ্রস্বতা ইত্যাদি বোঝাতে ব্যবহৃত হয়। যেমন ঃ

চাষ + ঈ = চাষী
দোকান + ঈ = দোকানী
বাঙাল + ঈ = বাঙালী > বাঙালি
আরব + ই = আরবি
কয়েদ + ঈ = কয়েদী
ডাক্তার + ই = ডাক্তারি
সেলাম + ই = সেলামি
উমেদার + ই = উমেদারি
খেয়াল + ঈ = খেয়ালী
দেশ + ঈ = দেশী
পশম + ঈ = পশমী
পাহাড় + ঈ = পাহাড়ী
দাম + ঈ = দামী
গোলাপ + ই = গোলাপি
ছোরা + ই = ছুরি
ছাতা + ই = ছাতি
ডাক্তার + ঈ = ডাক্তারী
কারবার + ঈ = কারবারী
নেপাল + ঈ = নেপালী
জাপান + ই = জাপানি
মাস্টার + ই = মাস্টারি
দর্শন + ঈ = দর্শনী
টিউশন + ই = টিউশনি
চালাক + ই = চালাকি
হিসাব + ঈ = হিসাবী
বিলাত + ঈ = বিলাতী
ঢাকা + ই = ঢাকাই
রাগ + ঈ = রাগী
দরদ + ঈ = দরদী
আসমান + ই = আসমানি
কাঠ + ই = কাঠি
ঝোলা + ই = ঝুলি

**১২. ইয়া (এ) ঃ** ইয়া চলতি ভাষায় এ। যেমন ঃ

পাহাড় + ইয়া = পাহাড়িয়া > পাহাড়ে
চাটগাঁ + ইয়া = চাটগাঁইয়া > চাটগেঁয়ে
মাটি + ইয়া = মাটিয়া > মেটে
শহর + ইয়া = শহরিয়া > শহুরে
আমোদ + ইয়া = আমোদিয়া > আমুদে
নাটক + ইয়া = নাটকিয়া > নাটুকে
নাচন + ইয়া = নাচনিয়া > নাচুনে
কাঁদন + ইয়া = কাঁদানিয়া > কাঁদুনে
ছোঁয়াচ + ইয়া = ছোঁয়াচিয়া > ছোঁয়াচে
আষাঢ় + ইয়া = আষাঢ়িয়া > আষাঢ়ে
মোট + ইয়া = মুটিয়া > মুটে
কুঁড় + ইয়া = কুঁড়িয়া > কুঁড়ে

**১৩. উক ঃ** বিশেষণ অর্থে। যেমন ঃ

পেট + উক = পেটুক
মিথ্যা + উক = মিথ্যুক
লাজ + উক = লাজুক
নিন্দা + উক = নিন্দুক

**১৪. এল, এলা ঃ** যেমন ঃ

হিম + এল = হিমেল
সুর + এলা = সুরেলা

**১৫. ক, কা, কি ঃ** যেমন ঃ

ধনু + ক = ধনুক
দম + কা = দমকা
সড় + ক = সড়ক
ঢোল + ক = ঢোলক
মড় + ক = মড়ক
সড় + কি = সড়কি

**১৬. ড় (আড়), ড়া, ড়ি ঃ** যেমন ঃ

ভাঙ্গ + ড় = ভাঙ্গড় তুখ + ড় = তুখড়

**১৭. ড়া (ড়ী, ড়ি) ঃ** যেমন ঃ

রাজ + ড়া = রাজড়া মুহ + ড়া = মহড়া

**১৮. ড়িয়া (চলতি রীতিতে ড়ে, উড়ে) ঃ** যেমন ঃ

চাষা + ড়িয়া = চাষাড়িয়া > চাষাড়ে

সাপ + ড়িয়া = সাপড়িয়া > সাপুড়ে

সাপ + উড়ে = সাপুড়ে হাত + উড়ে = হাতুড়ে

ভূত + উড়ে = ভূতুড়ে হাট + উড়ে = হাটুরে

**১৯. ত, তা, তি, তো, তুতা ঃ** যেমন ঃ

জেঠা + ত = জেঠাত জেঠা + তো = জেঠাতো

মামা + ত = মামাত মামা + তো = মামাতো

**২০. পনা ঃ** ভাবার্থে। যেমন ঃ

দুরন্ত + পনা = দুরন্তপনা বীর + পনা = বীরপনা

বেহায়া + পনা = বেহায়াপনা সতী + পনা = সতীপনা

**২১. পানা, পারা ঃ** যেমন ঃ

চাঁদ + পানা = চাঁদপানা কুলো + পানা = কুলোপানা

পাগল + পারা = পাগলপারা চাঁদ + পারা = চাঁদপারা

**২২. ল (প্রসারে লা, লি) ঃ** যেমন ঃ

দীঘ + ল = দীঘল পাত + ল = পাতল

হাত + ল = হাতল পাত + লা = পাতলা

**২৩. স, সা, সী, ছা, চা ঃ** যেমন ঃ

মুখ + স = মুখস, মুখোস খোল + স = খোলস

কুয়া + সা = কুয়াসা পানি + সা = পানিসা > পানসে

ঝাপ + সা = ঝাপসা ফর + সা = ফরসা

রূপ + সী = রূপসী লাল + চে = লালচে

## সংস্কৃত তদ্ধিত প্রত্যয়

**১। অ (অন, অঞ, ণ, ষ্ণ) ঃ** বিভিন্ন অর্থে প্রয়োগ হয়। যেমন ঃ

ক. অপত্য অর্থে ঃ

পাণ্ডু + অ = পাণ্ডব গোতম + অ =গৌতম

মনু + অ = মানব যদু + অ = যাদব

রঘু + অ = রাঘব দনু + অ = দানব

খ. ভক্ত বা উপাসক অর্থে। যেমন ঃ

| | |
|---|---|
| শিব + অ = শৈব | বিষ্ণু + অ = বৈষ্ণব |
| বুদ্ধ + অ = বৌদ্ধ | শক্তি + অ = শাক্ত |

গ. রচিত অর্থে। যেমন ঃ

| | |
|---|---|
| ব্যাকরণ + অ = বৈয়াকরণ | স্মৃতি + অ = স্মার্ত |

ঘ. বিকার অর্থে। যেমন ঃ

| | |
|---|---|
| তিল + অ = তৈল | হেম + অ = হৈম |

ঙ. স্বভাব অর্থে = যেমন ঃ

| | |
|---|---|
| তপস + অ = তাপস | ছত্র + অ = ছাত্র |

চ. তৎ-সম্বন্ধীয় অর্থে। যেমন ঃ

| | |
|---|---|
| পৃথিবী + অ = পার্থিব | শরীর + অ = শারীর |
| সন্ধ্যা + অ = সান্ধ্য | নিশা + অ = নৈশ |
| দেব + অ = দৈব | বিধি + অ = বৈধ |
| প্রকৃত + অ = প্রাকৃত | বাস্তু + অ = বাস্তব |

ছ. ভাবার্থে। যেমন ঃ

| | |
|---|---|
| মুনি + অ = মৌন | লঘু + অ = লাঘব |
| গুরু + অ = গৌরব | সুরভি + অ = সৌরভ |
| পুরুষ + অ = পৌরুষ | কুশল + অ = কৌশল |

ঞ. অবস্থা অর্থে। যেমন ঃ

| | |
|---|---|
| শিশু + অ = শৈশব | যুবন + অ = যৌবন |

**২. আয়ন**। যেমন ঃ

| | |
|---|---|
| নর + আয়ন = নারায়ণ | দ্বীপ + আয়ন = দ্বৈপায়ন |

**৩. আলু**। যেমন ঃ

| | |
|---|---|
| নিদ্রা + আলু = নিদ্রালু | দয়া + আলু = দয়ালু |

**৪. ই** ঃ অপত্য অর্থে। যেমন ঃ

| | |
|---|---|
| দশরথ + ই = দাশরথি | রাবণ + ই = রাবণি |
| সুমিত্রা + ই = সৌমিত্রি | পর্বত + ই = পার্বতী |

**৫. ইক**। যেমন ঃ

| | |
|---|---|
| তর্ক + ইক = তার্কিক | পুরাণ + ইক = পৌরাণিক |
| বিজ্ঞান + ইক = বৈজ্ঞানিক | সমুদ্র + ইক = সামুদ্রিক |
| ইহ + ইক = ঐহিক | লোক + ইক = লৌকিক |
| সমাজ + ইক = সামাজিক | দেহ + ইক = দৈহিক |
| মনস + ইক = মানসিক | ইচ্ছা + ইক = ঐচ্ছিক |

মুখ + ইক = মৌখিক
সংবাদ + ইক = সাংবাদিক
ভূগোল + ইক = ভৌগোলিক
মানব + ইক = মানবিক
সমর + ইক = সামরিক
বিদ্যুৎ + ইক = বৈদ্যুতিক
মধ্যম + ইক = মাধ্যমিক
অধুনা + ইক = আধুনিক
নগর + ইক = নাগরিক
পিতৃ + ইক = পৈতৃক
বর্ষ + ইক = বার্ষিক
দিন + ইক = দৈনিক
নৌ + ইক = নাবিক
ধর্ম + ইক = ধার্মিক

৬. **ইত** ঃ (জাত অর্থে বিশেষণ শব্দ গঠন করে) যেমন ঃ

পল্লব + ইত = পল্লবিত
পিপাসা + ইত = পিপাসিত
ক্ষুধা + ইত = ক্ষুধিত
পুষ্প + ইত = পুষ্পিত
মুকুল + ইত = মুকুলিত
পুলক + ইত = পুলকিত
দুঃখ + ইত = দুঃখিত
লজ্জা + ইত = লজ্জিত।

৭. **ইন, বিন** ঃ পুংলিঙ্গে প্রথমার এক বচনে 'ইন' স্থলে 'ঈ' এবং বিন স্থলে 'বী' হয়। স্ত্রীলিঙ্গে যথাক্রমে 'ইণী' 'বিণী' হয়। যেমন ঃ

পক্ষ + ইন = পক্ষিন > পক্ষী (পুং) পক্ষিণী (স্ত্রী)
হস্ত + ইন = হস্তিন > হস্তী
ফণা + ইন = ফণিন > ফণী
সুখ + ইন = সুখিন > সুখী
গুণ + ইন = গুণিন > গুণী
মেধা + বিন = মেধাবিন > মেধাবী
জ্ঞান + ইন = জ্ঞানিন > জ্ঞানী
মায়া + বিন = মায়াবিন > মায়াবী

৮. **ইমা** ঃ (ভাবার্থে) যেমন ঃ

নীল + ইমা = নীলিমা
শ্যামল + ইমা = শ্যামলিমা
মহৎ + ইমা = মহিমা
গুরু + ইমা = গরিমা
তনু + ইমা = তনিমা
মধুর + ইমা = মধুরিমা

৯. **ইল, ল**। যেমন ঃ

পঙ্ক + ইল = পঙ্কিল
ফেন + ইল =ফেনিল
জটা + ইল = জটিল
মাংস + ল = মাংসল
পিঙ্গ + ল = পিঙ্গল
শ্যাম + ল = শ্যামল
শীত + ল = শীতল
কুশ + ল = কুশল
পেশ + ল = পেশল
বৎস + ল = বৎসল

১০. **ঈন**। যেমন ঃ

কুল + ঈন = কুলীন
সম্মুখ + ঈন = সম্মুখীন
নব + ঈন = নবীন
সর্বজন + ঈন = সর্বজনীন
গ্রাম + ঈন = গ্রামীণ
কূপ + ইন = কৌপীন

**১১. ঈয় (ছীয়)**। যেমন ঃ

দেশ + ঈয় = দেশীয় ধর্ম + ঈয় = ধর্মীয়

জল + ঈয় = জলীয় স্ব + ঈয় = স্বীয়

**১২. ঈয়ম, তর, ইষ্ঠ, তম**। যেমন ঃ

গুরু + ইয়ম = গরীয়ান মহৎ + ঈয়ান = মহীয়ান

গুরু + ইষ্ঠ = গরিষ্ঠ বল + ইষ্ঠ = বলিষ্ঠ

গুরু + তর = গুরুতর মহৎ + তর = মহত্তর

শ্রেষ্ঠ + তম = শ্রেষ্ঠতম কনিষ্ঠ + তম = কনিষ্ঠতম।

**১৩. এয় (ঢ্ণেয়)**। যেমন ঃ

ভগিনী + এয় = ভাগিনেয় অগ্নি + এয় = আগ্নেয়

গঙ্গা + এয় = গাঙ্গেয় বিমাতৃ + এয় = বৈমাত্রেয়

**১৪. তা, ত্ব**। যেমন ঃ

মূর্খ + তা = মূর্খতা মূর্খ + ত্ব = মূর্খত্ব

সাধু + তা = সাধুতা রাজ + ত্ব = রাজত্ব

সম + তা = সমতা প্রভু + ত্ব = প্রভুত্ব

এক + তা = একতা বন্ধু + ত্ব = বন্ধুত্ব

সত্য + তা = সত্যতা স্ব + ত্ব = স্বত্ব

বক্তৃ + তা = বক্তৃতা কর্তৃ + ত্ব = কর্তৃত্ব

**১৫. তন**। যেমন ঃ

পুরা + তন = পুরাতন অধুনা + তন = অধুনাতন

পূর্ব + তন = পূর্বতন ঊর্ধ্ব + তন = ঊর্ধ্বতন

**১৬. মৎ = বৎ** (পুংলিঙ্গে 'মান' ও 'বান' স্ত্রীলিঙ্গে মতী ও বতী হয়।) যেমন ঃ

শ্রী + মনৎ = শ্রীমৎ > শ্রীমান (পুং) শ্রীমতী (স্ত্রী) ভাগ্য + বৎ = ভাগ্যবৎ > ভাগ্যবান, ভাগ্যবতী

বুদ্ধি + মৎ = বুদ্ধিমৎ > বুদ্ধিমান, বুদ্ধিমতী জ্ঞান + বৎ = জ্ঞানবৎ > জ্ঞানবান, জ্ঞানবতী

গুণ + বৎ = গুণবৎ > গুণবান, গুণবতী

**১৭. ময় (ময়ট)** ঃ ব্যাপ্তি, বিকার, অবয়ব, সংসর্গ ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়। যেমন ঃ

জল + ময় = জলময় মৃৎ + ময় = মৃন্ময়

বাক্ + ময় = বাঙ্ময় চিৎ + ময় = চিন্ময়

**১৮. য**। যেমন ঃ

সেনাপতি + য = সৈনাপত্য
পুরোহিত + য = পৌরোহিত্য
প্রাচ্ + য = প্রাচ্য
তালু + য = তালব্য
আদি + য = আদ্য
গো + য = গব্য
বধ + য = বধ্য
ন্যায় + য = ন্যায্য
কাম + য = কাম্য
পদ + য = পদ্য
সেনা + য = সৈন্য
মধুর + য = মাধুর্য
স্থির + য = স্থৈর্য
বীর + য = বীর্য
সম + য = সাম্য
এক + য = ঐক্য
সুজন + য = সৌজন্য
সুন্দর + য = সৌন্দর্য
নিপুণ + য = নৈপুণ্য
চপল + য = চাপল্য

**১৯. র**। যেমন ঃ

মুখ + র = মুখর
মধু + র = মধুর

**২০. শ**। যেমন ঃ

লোম + শ = লোমশ
কর্ক + শ = কর্কশ

## বিদেশী তদ্ধিত প্রত্যয়

বাংলা ভাষায় কিছু বিদেশী (ফারসি) তদ্ধিত প্রত্যয় ব্যবহৃত হয়ে শব্দ গঠনে সহায়তা করেছে। ভাষার সমৃদ্ধি সাধনে এদের গুরুত্ব বিদ্যমান। বিদেশী প্রত্যয় এবং প্রত্যয়জাত কিছু শব্দের উদাহরণ দেওয়া হল।

১. **আনা (য়ানা), আনি (য়ানি) ঃ** অভ্যাস বা শীল অর্থে ব্যবহৃত হয়। যেমন ঃ

বাবু + আনা = বাবুআনা > বাবুয়ানা
বিবি + আনা = বিবিয়ানা
বাবু + আনি = বাবুআনি > বাবুয়ানি
মুনশি + আনা = মুনশিয়ানা

২. **ওয়ান (আন > ওয়ান) ঃ** আছে অর্থে। যেমন ঃ

গাড়ি + আন > ওয়ান = গাড়িওয়ান > গাড়োয়ান
দার (দ্বার) + ওয়ান = দারোয়ান
কোচ + ওয়ান = কোচোয়ান

৩. **খানা ঃ** স্থান অর্থে। যেমন ঃ

ছাপা + খানা = ছাপাখানা
পিল (= হাতি) + খানা = পিলখানা
চিড়িয়া + খানা = চিড়িয়াখানা
গোসল + খানা = গোসলখানা
বৈঠক + খানা = বৈঠকখানা
ডাক্তার + খানা = ডাক্তারখানা
কসাই + খানা = কসাইখানা
দপ্তর + খানা = দপ্তরখানা

৪. **খোর ঃ** আসক্ত অর্থে। যেমন ঃ
গাঁজা + খোর = গাঁজাখোর
আফিম + খোর = আফিমখোর

৫. **গর ঃ** যেমন ঃ
কারি + গর = কারিগর

৬. **গিরি ঃ** কাজ বা শীল অর্থে। যেমন ঃ
বাবু + গিরি = বাবুগিরি
নেতা + গিরি = নেতাগিরি
সাধু + গিরি = সাধুগিরি
কেরানি + গিরি = কেরানিগিরি

৭. **চা, চি ঃ** যেমন ঃ
বাগ + চা = বাগিচা
নল + চা = নলিচা
মশাল + চি = মশালচি
তবল + চি = তবলচি

৮. **তর (তরো) ঃ** প্রকার অর্থে। যেমন ঃ
এমন + তর = এমনতর
এমন + তরো = এমনতরো
কেমন + তর = কেমনতর
বহু + তর = বহুতর

৯. **দান, দানি ঃ** আধার অর্থে। যেমন ঃ
ফুল + দান = ফুলদান
ফুল + দানি = ফুলদানি
পা + দানি = পাদানি
কলম + দান = কলমদান

১০. **দার ঃ** ধারণ অর্থে। যেমন ঃ
বাজন + দার = বাজনদার
হাবিল + দার = হাবিলদার
ছড়ি + দার = ছড়িদার
জমি + দার = জমিদার
চৌকি + দার = চৌকিদার
ঠিকা + দার = ঠিকাদার

১১. **নবিশ ঃ** অভিজ্ঞ অর্থে। যেমন ঃ
নকল + নবিশ = নকলনবিশ
শিক্ষা + নবিশ = শিক্ষানবিশ
হিসাব + নবিশ = হিসাবনবিশ
খাশ + নবিশ = খাশনবিশ

১২. **বন্দ, বন্দী ঃ** বন্ধ বা গৃহীত অর্থে ব্যবহৃত হয়। যেমন ঃ
নজর + বন্দ = নজরবন্দ
নজর + বন্দী = নজরবন্দী
বাক্স + বন্দী = বাক্সবন্দী
কিস্তি + বন্দী = কিস্তিবন্দী

১৩. **বাজ ঃ** অভ্যস্ত অর্থে। যেমন ঃ
ধোঁকা + বাজ = ধোঁকাবাজ
ধাপ্পা + বাজ = ধাপ্পাবাজ
চাল + বাজ = চালবাজ
গুল + বাজ = গুলবাজ
